

🔳 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:৬৭

💵 আরবি মূল আয়াত:

قَالَ يُقَومِ لَيسَ بِي سَفَاهَۃٌ وَّ لَكِنِّي رَسُولٌ مِّن رَّبِّ العُلَمِينَ ﴿٤٧﴾

সে বলল, 'হে আমার কওম, আমার মধ্যে কোন নির্বুদ্ধিতা নেই; কিন্তু আমি সকল সৃষ্টির রবের পক্ষ থেকে রাসূল'।
— আল-বায়ান

সে বলল, 'হে আমার সম্প্রদায়! আমার মাঝে কোন নির্বৃদ্ধিতা নেই, বরং আমি বিশ্বজগতের প্রতিপালকের প্রেরিত রসূল।' — তাইসিরুল

সে বললঃ হে আমার সম্প্রদায়! আমি নির্বোধ নই, বরং আমি হলাম সারা জাহানের রবের মনোনীত রাসূল। — মুজিবুর রহমান

[Hud] said, "O my people, there is not foolishness in me, but I am a messenger from the Lord of the worlds." — Sahih International

৬৭. তিনি বললেন, হে আমার সম্প্রদায়! আমার মধ্যে কোন নির্বৃদ্ধিতা নেই, বরং আমি সৃষ্টিকুলের রবের পক্ষ থেকে একজন রাসূল।(১)

(১) অর্থাৎ সম্প্রদায়ের নেতা গোছের লোকেরা বললঃ "আমরা তোমাকে নির্বুদ্ধিতায় লিপ্ত দেখতে পাচ্ছি। আমাদের ধারণা তুমি একজন মিথ্যাবাদী।" এটা প্রায় নূহ আলাইহিস সালামের সম্প্রদায়ের প্রত্যুত্তরের মতই— শুধু কয়েকটি শব্দের পার্থক্য মাত্র। হুদ আলাইহিস সালাম এর উত্তরে বললেনঃ আমার মধ্যে কোন নির্বুদ্ধিতা নেই। ব্যাপার শুধু এতটুকুই যে, আমি বিশ্ব পালনকর্তার কাছ থেকে রাসূল হয়ে এসেছি। তার বার্তা তোমাদের কাছে পৌছাই। আমি সুস্পষ্টভাবে তোমাদের হিতাকাংখী। তাই তোমাদের পৈত্রিক মুর্খতায় তোমাদের সঙ্গী হওয়ার পরিবর্তে তোমাদের ইচ্ছার বিরুদ্ধে সত্য কথা তোমাদের কাছে পৌছে দেই। কিন্তু তা তোমাদের মনঃপুত নয়।

তাফসীরে জাকারিয়া

(৬৭) সে বলল, 'হে আমার সম্প্রদায়! আমি নির্বোধ নই, আমি তো বিশ্ব-জগতের প্রতিপালকের (প্রেরিত) একজন রসূল।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1021

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন